অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/5/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 1 মিলিয়নের বেশি গৃহস্থালির ফেডারেল সাশ্রয়ী সংযোগ কর্মসূচিতে নাম লেখানোর ঘোষণা করলেন

ফেডারেল কর্মসূচি নিউ ইয়র্কের নিম্ন আয়ের গৃহস্থালিকে 360 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বার্ষিক ভর্তুকির সাথে সংযুক্ত করে সাশ্রয়ী ব্রডব্যান্ড পাওয়ার সুযোগ বৃদ্ধি করার জন্য

বহু-এজেন্সির আউটরিচ প্রচেষ্টার পর নাম লেখানো যোগ্য গৃহস্থালির শতাংশ অনুযায়ী নিউ ইয়র্ক দেশের শীর্ষে রয়েছে

এছাড়াও নিউ ইয়র্কের ডিজিটাল অবকাঠামো বলিষ্ঠ করতে স্টেটব্যাপী উদ্যোগসমূহের তত্ত্বাবধানের জন্য নতুন কানেক্টঅল পরিচালক নিয়োগ ঘোষণা করলেন

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে এক মিলিয়ন যোগ্য নিউ ইয়র্ক গৃহস্থালি ফেডারেল সাশ্রয়ী সংযোগ কর্মসূচিতে (Affordable Connectivity Program, ACP) নাম লিখিয়েছে, এটি নিম্ন আয়ের গৃহস্থালিতে ব্রডব্যান্ড সুবিধা সম্প্রসারিত করতে একটি দেশব্যাপী ভর্তুকি। এর আগে এই বছরে গভর্নর একটি বহু-এজেন্সির আউটরিচ উদ্যোগ শুরু করেন কর্মসূচিটির ব্যাপারে সচেতনতা গঠন করতে এবং যোগ্য গৃহস্থালিদের নাম লেখাতে উৎসাহিত করার জন্য। ফেডারেল কর্মসূচিটি যোগ্য নিম্ন আয়ের গৃহস্থালির ইন্টারনেট পরিষেবার জন্য প্রতি মাসে 30 মার্কিন ডলার পর্যন্ত ছাড় প্রদান করে। নাম লেখানোর তথ্যসহ ACP সম্পর্কে আর তথ্য উপলভ্য আছে এখানে।

"মহামারী আমাদেরকে দেখিয়েছে যে যেহেতু অনেক বেশি গৃহস্থালি কাজ, শিক্ষা এবং সরকারি সেবার জন্য ইন্টারনেটের উপর নির্ভর করে, তাই নিউইয়র্ক বাসীদের সাশ্রয়ী, নির্ভরযোগ্য ব্রডব্যান্ড প্রয়োজন," **গভর্নর হোকল বলেন।** "ফেডারেল সাশ্রয়ী সংযোগ কর্মসূচি এবং নিউ ইয়র্ক স্টেটের একটি বহুএজেন্সি আউটরিচের কল্যাণে, আমরা দেশের যেকোনও স্থানের থেকে বেশি যোগ্য গৃহস্থালিকে ব্রডব্যান্ড ভর্তুকির সাথে যুক্ত করে দিচ্ছি। আমার প্রশাসন সাশ্রয়ী ব্রডব্যান্ড বিস্তারে প্রতিশ্রুতিবদ্ধ রয়েছে, যার মধ্যে রয়েছে আমাদের 1 বিলিয়ন মার্কিন ডলারের কানেক্টঅল (ConnectALL) উদ্যোগ, এবং যোগ্য নিউ ইয়র্কবাসীদের এই গুরুত্বপূর্ণ ফেডারেল কর্মসূচিতে নাম লেখাতে সাহায্য করা।"

এই মাইলফলকটি দ্বারা, নিউ ইয়র্ক ACP-তে নাম লেখানোর ক্ষেত্রে দেশের শীর্ষ স্টেটগুলির একটি যেখানে 30 শতাংশ যোগ্য গৃহস্থালি বর্তমানে এই ফেডারেল ভাতার সুযোগ গ্রহণ করছে। যোগ্য নিউ ইয়র্ক গৃহস্থালিগুলি এখন 360 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বার্ষিক ভর্তুকি সংগ্রহ করছে।

নিউ ওয়ার্ক স্টেট পাবলিক সার্ভিস বিভাগ (New York State Department of Public Service, DPS) এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) নেতৃত্বে বহু-এজেন্সির, বহুমাত্রিক আউটরিচ প্রচেষ্টাটি প্রতিদিন যোগ্য নাম লেখানো গৃহস্থালির সংখ্যা বৃদ্ধি করে যাচ্ছে। DPS এবং এর অংশীদার এজেন্সিগুলি সম্প্রদায়ের গোষ্ঠী, ওয়ার্কিং গ্রুপ, এবং স্টেটব্যাপী স্টেট অ্যাসোসিয়েটদের সাথে এবং গভর্নরের কানেক্টঅল উদ্যোগের সাথে সমন্বয় করেছে যোগ্য নিউ ইয়র্কবাসীদের মধ্যে নাম লেখানোর সংখ্যা বৃদ্ধি করার জন্য।

ব্রডব্যান্ড আউটরিচ উদ্যোগ এবং তাদের প্রচেষ্টায় রয়েছে:

- **টেম্পোরারি এবং ডিজ্যাবিলিটি অ্যাসিস্টেন্স অফিস (Office of Temporary and Disability Assistance, OTDA)** সামাজিক সেবা এজেন্সিগুলিকে গ্রাহক ও চুক্তিভুক্ত সেবাদানকারীকে সাথে আউটরিচের বিষয়বস্তু প্রদান এবং তাদের সোশ্যাল মিডিয়া সাইটসমূহে প্রকাশিত আউটরিচ প্রদান করার নির্দেশনা দিয়ে যাচ্ছে।
- **শিশু ও পরিবার পরিষেবার অফিস (Office of Children and Family Services, OCFS)** ACP-কে নিউজলেটারে অন্তর্ভুক্ত করে যাচ্ছে, এবং এটি সোশ্যাল মিডিয়া ও স্থানীয় বিভাগ ও সামাজিক সেবা, চাইল্ডকেয়ার সেবাদানকারী এবং লাইসেন্সর, ফস্টার কেয়ার এবং স্বেচ্ছাসেবক এজেন্সি, সম্প্রদায়ের বহুসেবার অফিস, জুভেনাইল-জাস্টিসে-জড়িত কমবয়সীদের জন্য স্টেটব্যাপী গৃহস্থালির অংশীদারিত্ব, পালিয়ে যাওয়া এবং গৃহহীন কমবয়সীদের আশ্রয়কেন্দ্রের পরিচালক এবং পারিবারিক সহিংসতার আশ্রয়কেন্দ্রের পরিচালকদের কাছে ব্রডব্যান্ড ভর্তুকির ব্যাপারে প্রচার করে যাচ্ছে।
- **মোটরযান বিভাগ (Department of Motor Vehicles, DMV)** সোশ্যাল মিডিয়ায় বিজ্ঞাপন ক্যাম্পেইন চালিয়ে যাচ্ছে, নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ড,অ্যালবানি, ওয়েস্টচেস্টার, রকল্যান্ড, এবং ওনন্ডাগা কাউন্টিতে স্টেট পরিচালিত DMV অফিসগুলির মনিটরে একটি পাবলিক সার্ভিস ভিডিও সম্প্রচার করছে, এবং একইসাথে পুরো বছরে যখন গ্রাহকেরা তাদের ড্রাইভিং লাইসেন্স পায় তখন তার সাথে পাঁচ মিলিয়ন তথ্যমূলক লিফলেট মেইল করছে।
- **এজিং অফিস (Office of the Aging)** DPS-র সাথে অংশীদারিত্ব করছে 59 কাউন্টি অফিসে এজিংয়ের মিটিং, পিকনিক, স্বাস্থ্য মেলা, সিনিয়র সেন্টার, সিনিয়র অ্যাডাল্ট ডে সাইট এবং স্বাভাবিকভাবে হওয়া অবসর সম্প্রদায়সমূহকে বিষয়বস্তু প্রদান করছে। একইসাথে 1,200-র বেশি সম্প্রদায়ভিত্তিক সংগঠনে একটি প্রশিক্ষণ রেকর্ডিং বিতরণ করছে এবং একটি পাবলিক সার্ভিস ঘোষণা, ই-নিউজলেটার এবং সোশ্যাল মিডিয়া তৈরি ও প্রকাশ করেছে।
- **ডিজিটাল ইক্যুইটি ওয়ার্কিং গ্রুপ (Digital Equity Working Group, DEWG)** হলো নিউ ইয়র্ক স্টেটের শিক্ষা বিভাগের (New York State Education Department) স্টেট

লাইব্রেরির (State Library) নেতৃত্বে একটি ওয়ার্কিং গ্রুপ যারা স্টেট ও স্থানীয় পর্যায়ে ডিজিটাল অন্তর্ভুক্তি বৃদ্ধি করতে প্রকল্পসমূহের প্রচার করে থাকে।

- **এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট আঞ্চলিক অর্থনৈতিক বিকাশ পরিষদ (Regional Economic Development Councils, REDC)**, নিউ ইয়র্ক ষ্টেটের কাউন্টি অ্যাসোসিয়েশন (New York State Association of Counties), টাউন অ্যাসোসিয়েশন (Association of Towns), স্থানীয় ডিজিটাল ইক্যুইটি কোয়ালিশন (Digital Equity Coalitions), এবং কানেক্টঅলের ইন্টারনেট পরিষেবা প্রদানকারীর রোস্টারের মাধ্যমে তথ্য বিতরণ করছে।

পাবলিক সার্ভিস বিভাগের প্রধান নির্বাহী কর্মকর্তা রোরি এম. ক্রিস্টিয়ান বলেন, "নিউ ইয়র্কের সকল গৃহস্থালিতে ব্রডব্যান্ড নিয়ে আসার আমাদের অ্যাডভোকেসির অংশ হিসেবে, আমরা আমাদের নাগরিকদের মধ্যে বহুদিন ধরে বিদ্যমান ডিজিটাল বিভক্তি কমিয়ে আনার জন্য উল্লেখযোগ্য একটি বিনিয়োগ করছি।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের কমিশনার,প্রেসিডেন্ট, এবং প্রধান নির্বাহী কর্মকর্তা হোপ নাইট বলেন, "কোভিড-19 মহামারীটি প্রমাণ করেছে যে উচ্চগতির ইন্টারনেট সংযোগ এখন আর বিলাসিতা নয়; এটি একটি প্রয়োজনীয়তা। ব্রডব্যান্ড নিউ ইয়র্কবাসীদের স্কুলে যাওয়ার জন্য, বাড়ি থেকে কাজ করার জন্য, চাকরি খোঁজার জন্য, ব্যবসা শুরু করার জন্য, স্বাস্থ্যসেবা পাওয়ার জন্য এবং প্রিয়জনদের সাথে সংযুক্ত থাকার জন্য অত্যাবশ্যকীয়। সামর্থ্যের উন্নতি হল গভর্নর হোকলের কানেক্টঅল উদ্যোগের একটি অত্যাবশ্যক উপাদান, যাতে আমাদের সকলের কাছে সাশ্রয়ী এবং অ্যাক্সেসযোগ্য ব্রডব্যান্ড রয়েছে তা নিশ্চিত করা যায় এবং ডিজিটাল অর্থনীতিতে নেতৃত্ব দেওয়া চালিয়ে যাওয়ার জন্য নিউ ইয়র্কের ভিত্তি তৈরি করা যায়।"

সিনেটর চাক শুমার বলেন, "কোভিড-19 মহামারী স্পষ্ট করে দিয়েছে কীভাবে পুরো নিউ ইয়র্কের গ্রামীণ ও শহুরে সম্প্রদায়গুলিতে ডিজিটাল বিভক্তি আমাদের সর্বাপেক্ষা দুর্বল সম্প্রদায়গুলিকে প্রভাবিত করছে। সাশ্রয়ী এবং নির্ভরযোগ্য ইন্টারনেট পরিষেবা পাওয়ার সুযোগ আজকের আধুনিক অর্থনীতিতে সফল হওয়ার জন্য অতি গুরুত্বপূর্ণ, সেজন্যই আমি উচ্চগতির ইন্টারনেট পাওয়ার সুযোগ সম্প্রসারিত করতে এবং দ্বিপক্ষীয় অবকাঠামো ও কর্মসংস্থান আইনে (Bipartisan Infrastructure & Jobs Law) স্থায়ী ফেডারেল সাশ্রয়ী সংযোগ কর্মসূচি তৈরি করার জন্য আমি লড়াই করেছি, যা অবশেষে এই বিভক্তি দূর করার জন্য আমেরিকান উদ্ধার পরিকল্পনায় (American Rescue Plan) আমি যেই জরুরি ব্রডব্যান্ড বেনিফিট কর্মসূচি (Emergency Broadband Benefit) নিশ্চিত করেছিলাম তারই অনুবর্তী। এখন যেই ফেডারেল বিনিয়োগ আমি প্রদান করতে সাহায্য করেছি সেটির এবং গভর্নর হোকলের অবিচল অ্যাডভোকেসির কল্যাণে, নিউ ইয়র্কজুড়ে এক মিলিয়নের বেশি পরিবার এই কর্মসূচির মাধ্যমে সমর্থন পাচ্ছে যা তাদের ভবিষ্যতে সংযুক্ত থাকা নিশ্চিত করছে।"

সিনেটর কির্স্টেন জিলিব্র্যান্ড বলেন, "যেহেতু আমরা ঘরে বসে কাজ ও শেখা অব্যাহত রেখেছি, উচ্চ গতির ইন্টারনেট অ্যাক্সেস এখন আরো বিলাসিতা নয়, এটি একটি প্রয়োজনীয়তা। আমি ব্রডব্যান্ডকে আরো সাশ্রয়ী ও নিউ ইয়র্কের পরিবারের জন্য এটি পাওয়ার সুযোগ বৃদ্ধি করতে ফেডারেল তহবিলের জন্য লড়াই করতে পেরে গর্বিত এবং আমি ইন্টারনেট পরিষেবার

প্রয়োজন আছে এমন সকলকে তারা সাশ্রয়ী সংযোগ কর্মসূচির জন্য যোগ্য কিনা তা দেখার জন্য এবং যোগ্য হলে এর জন্য আবেদন করতে উৎসাহিত করবো।"

প্রতিনিধি ব্রায়ান হিগিন্স বলেন, "মানসম্পন্ন, সাশ্রয়ী ইন্টারনেট একটি প্রয়োজনীয়তা, যা খুব স্পষ্টভাবেই প্রমাণ হয়ে গেছে যখন কর্মী, শিক্ষার্থী এবং ব্যবসাগুলি পুরো মহামারীর সময় ভার্চুয়াল সংযোগের উপর নির্ভর করেছে। সাশ্রয়ী সংযোগ কর্মসূচিটি আরো দৃঢ় ও আরো ন্যায্য ব্রডব্যান্ড নেটওয়ার্ক গঠন করার জন্য ফেডারেল দ্বিপক্ষীয় অবকাঠামো আইনে কংগ্রেস কর্তৃক অন্তর্ভুক্ত করা একাধিক ব্যবস্থার একটি। আমরা এটি দেখে অত্যন্ত আনন্দিত যে গভর্নর হোকলের নেতৃত্বাধীনে, নিউ ইয়র্ক এই কর্মসূচির সাথে যোগ্য বাসিন্দাদের সংযুক্ত করার, ভোক্তাদের জন্য খরচ কমানোর, এবং পরিশেষে নিউ ইয়র্কবাসীদের গোটা বিশ্বের সুযোগের সাথে সংযুক্ত করার পথে নেতৃত্ব দিচ্ছে।"

প্রতিনিধি ইভেট ডি. ক্লার্ক বলেন, "নিউ ইয়র্কে এবং একবিংশ শতাব্দীর আমেরিকাতে, ব্রডব্যান্ড দৃঢ়ভাবে গেঁথে বসেছে এবং আমাদের প্রতিদিনের জীবনে অন্তর্নিহিত হয়ে গেছে। শিক্ষালাভ থেকে শুরু করে চাকরির সুযোগ খোঁজা এবং শুধু আমাদের প্রিয়জনদের সাথে পুনরায় সংযুক্ত হওয়ার জন্য পর্যন্ত, একটি স্থিতিশীল ও সাশ্রয়ী ইন্টারনেট অ্যাক্সেসই আমাদের আধুনিক সমাজে অংশগ্রহণ করতে দেয়। এবং সেজন্য আমি সাশ্রয়ী সংযোগ কর্মসূচির প্রতি অতিমাত্রায় কৃতজ্ঞ। গভর্নর হোকলের উদ্যোগের লক্ষণীয় মাইলফলক নিয়ে সাম্প্রতিক ঘোষণা শুধু কর্মসূচিটির কার্যকারিতাই প্রমাণ করে না, বরং এই আশাও প্রদান করে যে এই ক্ষেত্রে আরো সফলতার সুযোগ রয়েছে। এছাড়াও, এটি আমাদের সার্বজনীন এবং ন্যায্যভাবে সংযুক্ত নিউ ইয়র্কের স্বপ্নকে একটি উদীয়মান সম্ভাবনা করেছে। আমি আগামী বছরগুলিতে এটিকে একটি অনন্য বাস্তবে পরিণত করার জন্য হোকল প্রশাসনের সাথে কাজ করতে উন্মুখ।"

প্রতিনিধি পল টঙ্কো বলেন, "ব্রডব্যান্ড অ্যাক্সেস আজকের দিনে ও যুগে একটি অত্যাবশ্যকীয় সংস্থান যা প্রতিদিন চাকরি, শ্রেণীকক্ষ, স্বাস্থ্যসেবার পরিষেবা এবং একে অন্যের সাথে সংযোগের জন্য ব্যবহৃত হয়। দুর্ভাগ্যবশত, অর্থনৈতিক প্রতিবন্ধকতা এবং এটি পাওয়ার সুযোগের শূন্যস্থান মিলিয়ন মিলিয়ন মানুষকে এই মানসম্পন্ন সেবা পাওয়া থেকে বিরত রাখছে। আমরা ফেডারেল পর্যায়ে ইন্টারনেট সম্প্রসারিত করতে যেই কাজ করেছি আমি তা নিয়ে গর্বিত, যা হলো আমার অ্যাক্সেস ব্রডব্যান্ড অ্যাক্ট (ACCESS BROADBAND Act) প্রণয়ন করা থেকে শুরু করে আমাদের আমেরিকান উদ্ধার পরিকল্পনা ও দ্বিপক্ষীয় অবকাঠামো আইনে মুখ্য ব্রডব্যান্ড সংস্থান প্রদান করা পর্যন্ত। আমি সকল আমেরিকানের কাছে নির্ভরযোগ্য, সাশ্রয়ী ইন্টারনেট অ্যাক্সেস পৌঁছে দিতে কাজ অব্যাহত রাখবো।"

প্রতিনিধি গ্রেস মেং বলেন, "সাশ্রয়ী সংযোগ কর্মসূচি তৈরিতে সাহায্য করার পর, আমি এটি জানতে পেরে অতি আনন্দিত যে 1 মিলিয়ন নিউ ইয়র্ক পরিবার এর জন্য নাম লিখিয়েছে। ব্রডব্যান্ড অ্যাক্সেস, ক্রয়ক্ষমতা এবং ডিজিটাল স্বাক্ষরতার ব্যাপারে কাজ করতে হবে সেই মিলিয়ন মিলিয়ন আমেরিকানের জন্য যারা একবিংশ শতাব্দীতেও সংযুক্ত থাকতে কষ্ট করছে। ডিজিটাল বিভক্তিটি মহামারীর পূর্বেও ছিলো, এবং এটি গত দুই বছরে অনেক বেড়ে গেছে। 13 মিলিয়নের বেশি শিক্ষার্থীকে সংযুক্ত করা ফেডারেল যোগাযোগ কমিশনের (Federal Communications Commission, FCC) জরুরি সংযোগ তহবিলের (Emergency Connectivity

Fund) একজন মুখ্য স্থপতি হিসেবে আমি নিউ ইয়র্ক এবং দেশে এই ডিজিটাল বিভক্তি শেষ করা নিশ্চিত করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ আছি। এর আগে এই বছরে আমি চেয়ারওম্যান জেসিকা রোজেনওরসেলকে নিয়ে এসেছি আমাদের জেলার শিক্ষার্থীদের সাথে এই সমস্যা নিয়ে এবং কীভাবে আমরা এই ডিজিটাল বিভক্তি দূর করতে পারি সেই ব্যাপারে কথা বলার জন্য। এটি দারুণ একটি ব্যাপার যে স্টেটব্যাপী পরিবারগুলি এখন সাশ্রয়ী সংযোগ কর্মসূচি ব্যবহার করছে, এবং আমি এই বিষয়ে লড়াই অব্যাহত রাখতে এবং অভাবে থাকা পরিবারগুলিকে আরো সহায়তা প্রদান করতে লড়াই চালিয়ে যেতে উন্মুখ।"

প্রতিনিধি জো মোরেল বলেন, "ইন্টারনেট অ্যাক্সেস এখন আর বিলাসিতা নয়, এটি একটি প্রয়োজনীয়তা যা আধুনিক সমাজে অংশগ্রহণ করার জন্য আবশ্যক, বিশেষ করে মহামারী পরবর্তী সময়ে। আমি সাশ্রয়ী সংযোগ কর্মসূচির জন্য ফেডারেল তহবিল প্রদান করতে পেরে গর্বিত এবং আমি এর জন্য যোগ্য সবাইকে এই ভাতার সুযোগ নেওয়ার জন্য উৎসাহিত করছি। আমি গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ এটিকে একটি অগ্রাধিকার বানানোর জন্য, এবং আমি একত্রে কাজ করে ডিজিটাল বিভক্তি মেটাতে এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য যাতে সাশ্রয়ী ও উপলভ্য ইন্টারনেট থাকে তা নিশ্চিত করতে একসাথে কাজ চালিয়ে যেতে উন্মুখ।"

প্রতিনিধি জামাল বোম্যান বলেন, "আমাদের জন্য এটি একটি দীর্ঘদিনের সমস্যা যে প্রয়োজনীয়, মৌলিক পরিষেবা পাওয়ার সুযোগ প্রয়োজনের থেকে অনেক কম, এবং তার মধ্যে মানসম্পন্ন, সাশ্রয়ী ব্রডব্যান্ড পাওয়ার সুযোগ রয়েছে। আউটরিচটি প্রসারিত করতে এবং আরো বেশি নিউ ইয়র্কবাসী যাতে সাশ্রয়ী সংযোগ কর্মসূচি দ্বারা লাভবান হয় তা নিশ্চিত করতে গভর্নর হোকল যে প্রচেষ্টা করেছেন তা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আজকের দিনে ও সময়ে, ব্রডব্যান্ড অ্যাক্সেস কাজ, স্কুল, টেলিহেলথ, বিল পরিশোধ এবং সহায়তা ও সংস্থানের জন্য আবেদন করার জন্য অত্যাবশ্যকীয়। ডিজিটাল বিভক্তি পুরো নিউ ইয়র্কের সম্প্রদায়সমূহ এবং বাড়িতে বিরাজমান এবং এই কর্মসূচিটি আমাদেরকে সেই শূন্যস্থান পূরণ করতে সাহায্য করছে, কিন্তু সকলের কাছে মানসম্পন্ন ব্রডব্যান্ড, যা একবিংশ শতাব্দীর একটি ইউটিলিটি, তা না থাকা পর্যন্ত আমাদের কাজ শেষ হবে না। কংগ্রেসে আমার প্রথম বছরে,আমি ব্রডব্যান্ড ন্যায়বিচার অ্যাক্ট উপস্থাপন করি ভবনের ওয়্যারিং, সহায়তা এবং অন্যান্য প্রয়োজনীয় আবাসিক সমর্থনের কাজ সমর্থন করার জন্য যা মানসম্পন্ন ব্রডব্যান্ড স্থাপন ও ব্যবহার করার জন্য প্রয়োজনীয়। আমি এই উদ্যোগকে সমর্থন করতে পেরে গর্বিত এবং সকল নিউ ইয়র্কবাসী এবং পুরো দেশের সম্প্রদায়সমূহের জন্য ব্রডব্যান্ড ও প্রযুক্তি অর্থপূর্ণভাবে উপলভ্য করার কাজ চালিয়ে যাবো।"

প্রতিনিধি রিচি টোরেস বলেন, "ইন্টারনেট অ্যাক্সেস এখন আর বিলাসিতা নয়, বরং সকলের জন্য প্রয়োজনীয়তা। নির্ভরযোগ্য ইন্টারনেট পাওয়ার সুযোগ না থাকলে, ঘরে বসে শিক্ষালাভের, অনলাইন ব্যাংকিংয়ের, টেলিহেলথের এবং আরো অনেক কিছুর কোনও সুযোগ থাকে না। নিম্ন আয়ের সম্প্রদায়সমূহকে ব্রডব্যান্ডের সাথে সংযুক্ত করা হলে তা ডিজিটাল বিভক্তি দূর করতে সাহায্য করবে যা অনেককে পেছনে ফেলে আসার কারণ। আমি গভর্নর হোকল এবং এধরনের ফেডারেল কর্মসূচির প্রতি কৃতজ্ঞ যা এক মিলিয়নের বেশি পরিবারকে অত্যাবশ্যকীয় সেবার সাথে ক্রয়ক্ষমতার মধ্যে সংযোগ প্রদান করেছে।"

প্রতিনিধি প্যাট রায়ান বলেন, "এটি স্পষ্টতই অগ্রহণযোগ্য যে 2022 সালে সকল নিউ ইয়র্কবাসীর ক্রয়ক্ষমতার মধ্যে উপলভ্য ব্রডব্যান্ড পাওয়ার সুযোগ নেই। নিউ ইয়র্ক স্টেট এবং ফেডারেল সরকারের মধ্যকার এই অংশীদারিত্ব নিম্ন আয়ের পরিবারের জন্য ইন্টারনেট পরিষেবার খরচ কমিয়ে এইসব প্রতিবন্ধকতা অপসারণে সাহায্য করে। আমি গর্বিত যে আমরা ইতিমধ্যে 1 মিলিয়ন পরিবারকে এই কর্মসূচিতে নাম লিখিয়েছি, এবং আমি স্টেট পর্যায়ে আমাদের অংশীদারদের সাথে কাজ করে সকল যোগ্য নিউ ইয়র্কবাসীদের অংশগ্রহণ নিশ্চিত করতে উন্মুখ।"

গভর্নর হোকল এছাড়াও জশুয়া ব্রাইটবার্টকে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের অধীনে কানেক্টঅল অফিসের নতুন পরিচালক হিসেবে নিয়োগের ঘোষণা প্রদান করেছেন। কানেক্টঅলের পরিচালক হিসেবে, জশুয়া একটি রূপান্তরকারী 1 বিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগের তত্ত্বাবধান করবে যা নিউ ইয়র্কের সম্প্রদায়সমূহ এবং ডিজিটাল অবকাঠামো বলীয়ান করতে জানুয়ারিতে গভর্নরের স্টেট অফ দ্য স্টেটের অংশ হিসেবে ঘোষিত হয়েছিলো।

জশুয়া ব্রাইটবার্ট এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের কানেক্টঅলের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট। এই পদে, তিনি এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের ব্রডব্যান্ড অ্যাক্সেস বিভাগের (Division of Broadband Access) পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন, স্টেটব্যাপী ডিজিটাল ন্যায্যতার পরিকল্পনার তত্ত্বাবধান করেন এবং স্টেটজুড়ে 1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি সরকারি বিনিয়োগ পরিচালনা করেন। জশুয়া ব্রাইটবার্ট নিউ ইয়র্ক সিটির একজন সাবেক ডেপুটি প্রধান প্রযুক্তি কর্মকর্তা। তিনি সিটির প্রথম সার্বিক ব্রডব্যান্ড কৌশল বিকাশে নেতৃত্ব দিয়েছেন, যা কোভিড মহামারীর সময় সফলভাবে পাইলট করা হয়েছে এবং যা 150 মিলিয়ন মার্কিন ডলারের বেশি মেয়রের প্রতিশ্রুতি নিশ্চিত করেছে, যা মার্কিন যেকোনও শহরে ব্রডব্যান্ড অবকাঠামোর জন্য সর্ববৃহৎ মিউনিসিপ্যাল বরাদ্দ।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের ব্রডব্যান্ড অ্যাক্সেস বিভাগের পরিচালক জশুয়া ব্রাইটবার্ট বলেন, "ন্যায্য ব্রডব্যান্ডের অর্থায়ন ও প্রয়োগের এই অতি গুরুত্বপূর্ণ মুহূর্তে নিউ ইয়র্কবাসীদের সেবাদান পারা একটি সম্মানের ব্যাপার। সাশ্রয়ী সংযোগ কর্মসূচির সাবস্ক্রাইবারদের জন্য আমাদের চলমান আউটরিচ একটি দারুণ উদাহরণ যে কীভাবে ফেডারেল কর্মসূচিসমূহ, স্টেট এজেন্সিসমূহ, বেসরকারি শিল্প, এবং স্থানীয় অংশীদারদের মধ্যকার একটি অংশীদারিত্ব একত্রে কাজ করে আগামী বছরগুলিতে স্টেটজুড়ে ডিজিটাল অবকাঠামো রূপান্তরিত করতে পারবে।"

কানেক্টঅল উদ্যোগটির উদ্দেশ্য হলো সকল নিউ ইয়র্কবাসীর জন্য উপলভ্য, সাশ্রয়ী এবং নির্ভরযোগ্য ব্রডব্যান্ড এবং নিউ ইয়র্ক যাতে একবিংশ শতাব্দীর সংযুক্ত অর্থনীতিতে নেতৃত্ব দিতে পারে তা নিশ্চিত করা। ক্যাপিটাল বিনিয়োগের মাধ্যমে ভোক্তাদের জন্য উপলভ্যতা বৃদ্ধি ও ব্যয় হ্রাস করার পাশাপাশি, গভর্নর হোকলের পথিকৃৎ কানেক্টঅল উদ্যোগটির উদ্দেশ্য হলো সকল যোগ্য নিউ ইয়র্কবাসী যাতে সাশ্রয়ী সংযোগ কর্মসূচিতে অংশগ্রহণ করে এবং তারা যাতে নাম লেখানোর জন্য প্রয়োজনীয় তথ্য নিয়ে প্রস্তুত থাকে তা নিশ্চিত করা।

ব্রডব্যান্ডের জন্য নিউ ইয়র্কবাসীদের প্রতি মাসে গড়ে 60 ডলারের বেশি খরচ হয়। পাবলিক সার্ভিস বিভাগের একটি প্রতিবেদনে দেখা যায় যে অপেক্ষাকৃত কম গৃহস্থালির উপার্জনসহ কাউন্টিগুলিতে পরিষেবার সর্বোচ্চ মূল্য এবং সবথেকে কম বিকল্প থাকে। মাসিক 30 মার্কিন ডলার সহায়তার পাশাপাশি, আর্থিকভাবে যোগ্য গৃহস্থালিগুলি একটি ল্যাপটপ, ডেস্কটপ কম্পিউটার বা ট্যাবলেট ক্রয় করার জন্য অংশগ্রহণকারী প্রদানকারীদের থেকে 100 মার্কিন ডলার পর্যন্ত এককালীন মূল্যছাড় পেতে পারে, যদি ভোক্তা ক্রয় মূল্যের জন্য 10 মার্কিন ডলারের বেশি এবং 50 মার্কিন ডলারের কম খরচ করে থাকে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418